দৈনিক খবর

তারিখ 15 OCT 1992
পৃষ্ঠা ৭ কলাম ৭

৪৬

# ঢাকাবিশ্ববিদ্যালয় পরীক্ষার তারিখ পরিবর্তন ভর্তির দাবীতে ঘেরাও

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কোর্স পদ্ধতির বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের পরীক্ষার তারিখ পিছানো হয়েছে। নতুন সময়সূচী অনুযায়ী ১ম পর্ব এমএসসি পরীক্ষা-৯০ আগামী ১১ই নভেম্বরের পরিবর্তে ১০ই ডিসেম্বর শুরু হবে। এছাড়া ৩য় বর্ষ বিএসসি সম্মান ও বি ফার্ম পার্ট-৩ এর পরীক্ষা ৯০ আগামী ১৭ই নভেম্বরের পরিবর্তে ১২ই ডিসেম্বর এবং শেষ পর্ব এমএসসি ও এম ফার্ম পরীক্ষা ৮৯, আগামী ৮ই নভেম্বরের পরিবর্তে ২রা জানুয়ারী '৯৩ শুরু হোক। অপরদিকে সনাতন পদ্ধতির পরীক্ষাসমূহের তারিখ ও পিছানো হয়েছে। নতুন সময়সূচী অনুযায়ী সনাতন পদ্ধতিতে ডিগ্রী সম্মান পরীক্ষা- ৯০ গার্হস্থ্য অর্থনীতিসহ আগামী ৯ই নভেম্বরের পরিবর্তে ২৬শে ডিসেম্বর শুরু হবে। এছাড়াও সনাতন পদ্ধতিতে প্রথম পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা ৯০ (গ্রন্থাগার বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতিসহ) আগামী ১১ই নভেম্বরের পরিবর্তে ২৬শে ডিসেম্বর এবং সনাতন পদ্ধতিতে শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা ৮৯ (গ্রন্থাগার বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতিসহ) আগামী ৫ই ডিসেম্বরের পরিবর্তে ২৮শে ডিসেম্বর অনুষ্ঠিত শুরু হবে। পরীক্ষাসমূহের বিস্তারিত সময়সূচী যথাসময়ে ঘোষণা করাহবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমকম-এ ভর্তির দাবীতে বিশ্ববিদ্যালয় ভর্তি সংগ্রাম পরিষদ গতকাল বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ঘেরাও কর্মসূচী পালন করে। ১৯৯১ সালে সনাতন পদ্ধতিতে অনুষ্ঠিত অনার্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে গঠিত এই সংগ্রাম পরিষদের ঘেরাও কর্মসূচী উপলক্ষে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন সংগ্রাম পরিষদের আহবায়ক রাশেদ ইমাম তুহিন, যুগ্ম আহবায়ক মোঃ সেলিম প্রমুখ। বক্তারা তাদের বক্তব্যে অবিলম্বে বিভিন্ন কলেজ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমকম-এ ভর্তি করে নেবার জোর দাবী জানান।

গতকালের এই ঘেরাও কর্মসূচী চলাকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণের জন্যে সংগ্রাম পরিষদের কাছ থেকে আগামী রোববার পর্যন্ত সময় নিয়েছেন বলে জানা গেছে। এ সময়ের মধ্যে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণেরও আশ্বাস দেয়া হয়েছে।